গাংনীতে ফেনসিডিলসহ মাদক কারবারী আটক

৩০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ জনিরুল ইসলাম ওরফে জনি (৩৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। এসময় একটি রেজিষ্ট্রেশনবিহীন পালসার মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

জনিরুল ইসলাম গাংনী উপজেলার মহম্মদপুর গ্রামের রফিকুল ইসলামের ছেলে।

গতকাল শুক্রবার সকাল ৮ টার দিকে দেবিপুর-তেরাইল রাস্তার মাঝখানে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিল সহ আটক করা হয়।

বামন্দী পুলিশ ফাঁড়ির দায়িত্বপ্রাপ্ত ইনচার্জ এসআই শরিফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ এই অভিযান চালান।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

মাদক উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়ে আটক জনিকে গতকাল শুক্রবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে জমি নিয়ে সংঘর্ষ; একই পরিবারের তিনজন আহত

জমির পথ ও ভাগাভাগিকে কেন্দ্র করে সৎ ভাইয়ের মধ্যে সৃষ্ট সংঘর্ষে তিন জন আহত হয়েছেন। গত বৃহস্পতিবার দিবাগত রাত সাড়ে ১১ টার দিকে গাংনী উপজেলার চরগোয়াল গ্রামে এ ঘটনা ঘটে। আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

আহতরা হলেন, চরগোয়াল গ্রামের স্কুলপাড়া এলাকার খেদালি মোল্লার

সানারুল ইসলাম (৫৫) তার ভাই শাহিন আলী (৪৫) ও ভাইস্তে বানারুল ইসলামের ছেলে রাজিব হোসেন (২২)।

আহত সানারুল ইসলাম জানান, ১ বিঘা জমির ভাগাভাগি ও পথ নিয়ে কালুর ছেলে আব্দুল্লাহ ও সিরাপ আলীর সাথে দীর্ঘদিন যাবৎ গ্যাঞ্জাম চলছিল। গতরাতে এ নিয়ে কথাকাটাকাটির এক পর্যায়ে আব্দুল্লাহ ও সিরাপ আলীর নেতৃত্বে তাদের নারী সদস্য মঞ্জুরা, আঙ্গুরা, জেলেহার ও তাদের লোকজন আমাদের উপর হামলা চালিয়েছে। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

গাংনীতে মশার কয়েলের আগুনে ভস্মীভূত কৃষকের গোয়ালের গরু ও ছাগল

গাংনীতে মশার কয়েল থেকে সৃষ্ট ভয়াবহ অগ্নিকান্ডে আরমান আলী নামের এক কৃষকের গোয়াল ঘরে থাকা ১ টি গরু ও ৪ টি ছাগল পুড়ে ভস্মিভূত হয়েছে। একই সাথে পুড়েছে আরমান আলীর খড়ির ঘর ও রান্না ঘর। এসময় গরু ছাগল বাঁচাতে গিয়ে অগ্নিদগ্ধ হয়েছেন গৃহকর্তা আরমান আলী। সে বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

গতকাল বৃহস্পতিবার (২৫ জুলাই) দিবাগত মধ্যরাতে মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের কল্যাণপুর গ্রামের উত্তরপাড়ায় এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে। অগ্নিকাণ্ডের ঘটনায় প্রায় তিন লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান ক্ষতিগ্রস্ত কৃষক আরমান আলী।

জানা গেছে, গতকাল বৃহস্পতিবার দিবাগত রাত দেড় টার দিকে আরমান আলীর গোয়ালঘরে মশার কয়েল থেকে আগুনের সূত্রপাত ঘটে। আগুন মুহূর্তে গোয়ালঘর থেকে পাশের রান্নাঘর ও খড়ির ঘরে ছড়িয়ে পড়ে। এসময় পরিবারের লোকজনের হৈ চৈ শুনে প্রতিবেশিরা এগিয়ে আসেন। আগুন ছড়িয়ে পড়লে স্থানীয়রা পানি ছিটিয়ে আগুন নেভানোর চেষ্টার পাশাপাশি বামন্দী ফায়ার সার্ভিসকে খবর দেন। খবর পেয়ে বামুন্দী ফায়ার সার্ভস ও সিভিল ডিফেন্সের পানি বাহী গাড়ি ঘটনাস্থলে

পৌঁছলেও ততক্ষনে আরমান আলীর গোয়াল ঘরে থাকা ১টি গরু ও চারটি ছাগল পুড়ে ভস্মীভূত হয়ে যায়। এছাড়া ছাগল ও গরু পুড়ে ভস্মিভূতের পাশাপাশি বিভিন্ন মালামাল পুড়ে ছাই হয়ে যায়।

তেঁতুলবাড়িয়া ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের সদস্য কাওছার আলী অগ্নিকান্ডের ঘটনাটি নিশ্চিত করে বলেন, এবিষয়ে উপজেলা চেয়ারম্যান, ইউপি চেয়ারম্যান ও প্রশাসনকে জানানো হয়েছে।

আরমান আলী বলেন, গরু ও ছাগলকে মশা থেকে সুরক্ষা দিতে গোয়াল ঘরে কয়েল ও নুন্দি জ্বালিয়ে রাখা হয়েছিল। মশার কয়েল থেকে সৃষ্ট হয়েছে আগুনের সূত্রপাত। আগুন লাগার সাথে সাথে পরিবারের সদস্যরা পানি ছেটানোর পাশাপাশি পাড়ার লোকজনকে ডাকি। তারাও ছুটে এসে আগুন নেভানোর চেষ্টা করেন। কিন্তু সব চেষ্টায় ব্যার্থ। আগুনে পুড়ে আমার সবকিছু শেষ হয়েছে।

তথ্য না দিয়ে সাংবাদিককে হয়রানি অভিযোগ গাংনীর ইউএনওর বিরুদ্ধে

গাংনী উপজেলার নির্বাহী অফিসার প্রীতম সাহার নিকট তথ্য অধিকার আইনে তথ্য চেয়ে এখন আতংকের মধ্যে রয়েছেন আবেদনকারী সাংবাদিক ফয়েজ আহমেদ। ইউএনও প্রীতম সাহা এখন সাংবাদিক ফয়েজ আহমেদের বিরুদ্ধে সাধারণ ডায়েরি করেছেন এবং নানাভাবে সায়েস্তার পাশাপাশি হয়রানি করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এঘটনায় সাংবাদিক ফয়েজ আহমেদ খুলনা বিভাগীয় কমিশনারের দফতরে আবেদন করেছেন। বিষয়টি তিনি বিভাগীয় কমিশনারকে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েছেন।

বিভাগীয় কমিশনার বরাবর লেখা আবেদনে সাংবাংদিক ফয়েজ আহমেদ বলেন, গত ১৩ মার্চ খ্রিঃ তারিখে তথ্য অধিকার আইন ২০০৯ এর ০৮ ধারা অনুযায়ী গাংনী উপজেলা প্রশাসনের কিছু সুনির্দিষ্ট তথ্য চেয়ে আমি আবেদন করেছিলাম। সে আবেদনের নির্দিষ্ট সময়ের মধ্যে তথ্য দেননি

তার উপর ক্ষিপ্ত হয়ে উঠেছেন। ফয়েজ আহমেদ অভিযোগ করেন তথ্য না দিয়ে এখন নানাভাবে হয়রানি ও বেকায়দায় ফেলার অপচেষ্টা চালিয়ে যাচ্ছেন ইউএনও প্রীতম সাহা।

এদিকে এ বিষয়ে মতামত জানতে গতকাল সন্ধ্যায় মেহেরপুর প্রতিদিন কার্যালয় থেকে গাংনী উপজেলা নির্বাহী অফিসারকে ফোন করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

গাংনীতে সামাজিক অবক্ষয় রোধে শিক্ষার্থীদের করণীয় শীর্ষক কর্মশালা

মেহেরপুরের গাংনীতে অরাজনৈতিক ও শিক্ষা বিষয়ক সামাজিক সংগঠণ ‘প্রস্ফুটন’ এর উদ্যোগে সামাজিক অবক্ষয় রোধে সচেতনতা সৃষ্টি ও নেতৃত্ব বিকাশে শিক্ষার্থীদের করনীয় শীর্ষক কর্মশালা ও বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার হাড়াভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্র্রাক্তন শিক্ষক মুহাম্মদ নিয়ামত উল্লাহর সভাপতি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাড়াভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইদুল হাসান পলাশ, সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রশিদ, প্রষ্ফুটনের উপদেষ্টা মোহাম্মদ সালমান সাইফ, দেলোয়ার জাহান ঝন্টু। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, প্রস্ফুটন বৃক্ষরোপণ কর্মসূচি ও স্কুল প্রোগ্রামের আহবায়ক সদস্য সাহান উল্লাহ, মাকসুদুল আজম বাঁধন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রস্ফুটন সদস্য মো: মিফতাহুল ইসলাম।

অতিথিরা কুইজ অনুষ্ঠানে নির্বাচিত শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ এবং বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন। উদ্বোধন শেষে

শিক্ষার্থীদের হাতে দুটি করে গাছ রোপনের জন্য তুলে দেয়া হয়। অনুষ্ঠানে ৩০০টির মতো গাছ শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়।

উল্লেখ্য, তীব্র তাপ প্রবাহের কারে প্রস্ফুটন বৃক্ষরোপণ কর্মসূচি ও স্কুল কর্মশালা শুরু করেছে । এ বছর প্রস্ফুটন প্রায় ৫০০০ এর অধিক গাছ লাগানোর উদ্যোগ গ্রহণ করেছে এবং বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের মাঝে গাছগুলো পর্যায়ক্রমিকভাবে বিতরণ করা হবে।
‘প্রস্ফুটন’ মেহেরপুর জেলার গাংনী উপজেলার বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থীদের দ্বারা পরিচালিত একটি অরাজনৈতিক এবং অলাভজনক শিক্ষা ও সমাজ কল্যাণ সংঘ। ‘শিক্ষা ও ঐক্যে আনি মুক্তি’ এই স্লোগানে ২০১৩ সাল থেকে কল্যাণমূলক এই সংঘটি সফলতা ও সুনামের সাথে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে।

গাংনী পৌর মেয়র আহাম্মেদ আলীর বিরুদ্ধে সাবেক ছাত্রলীগ নেতার শিপু’র সংবাদ সম্মেলন

যথাযথ নিয়মনীতির তোয়াক্কা না করে গাংনী বাজারে পৌর সুপার মার্কেট নির্মাণ করা হচ্ছে এমন অভিযোগ তুলে এবং মেয়র আহমেদ আলীর দেয়া ফেসবুক লাইভের বক্তব্যেও প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ সভাপতি মোঃ শাহিদুজ্জামান শিপু।

আজ রবিবার (১৪ জুলাই) দুপুরে শিপু’র রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে গাংনী পৌরসভার মেয়র আহামেদ আলীর ফেসবুক লাইভে অসৌজন্যমুলক দেয়া বক্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান শাহিদুজ্জামান শিপু।

সংবাদ সম্মেলনে শিপু বলেন, গাংনী বাজারের ব্যবসায়ীদের জোর করে উচ্ছেদ করে গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী মার্কেট নির্মাণ কাজ

গল্প ছাড়াচ্ছেন এবং জমির কাগজপত্র ঠিক না করে মার্কেট নির্মাণ কাজ করতে গিয়ে সংঘাতের পরিস্থিতি সৃষ্টি করছেন বলেও মন্তব্য করেন তিনি।

সংবাদ সম্মেলনে গাংনী উপজেলার বিভিন্ন প্রিন্ট,অনলাইন ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর জোড়পুকুরিয়াতে আগুনে পুড়লো দরিদ্র মাছ ব্যবসায়ীর স্বপ্ন

গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামে ভয়াবহ অগ্নিকান্ডে এক দরিদ্র মাছ ব্যবসায়ী বসতবাড়িসহ গোয়াল ঘরে থাকা ২টি গরু পুড়ে অঙ্গার হয়ে গেছে।

আজ রোববার সকাল ১১ সাহারবাটি ইউনিয়নের জোড়পুকুরিয়া গ্রামের সাইরপাড়া এলাকার মাছ ব্যবসায়ী হারান আলীর বসতঘরে এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে। হারান আলী ওই এলাকার চান আলী’র ছেলে। এঘটনায় ওই কৃষকের কমপক্ষে ৪ লাখ টাকার ক্ষতিসাধন হয়েছে বলে জানান ভুক্তভোগী গৃহকর্তা।

অগ্নিকান্ডের ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন সাহারবাটি ইউনিয়ন পরিষদের ১ নং ওয়ার্ডের সদস্য শাহাবুদ্দীন। তিনি ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এসময় হারান আলীর ছোট বোন রঙ্গিলা ও স্বামী পরিত্যক্ত বাছেনা খাতুনের ঘরবাড়িও পুড়ে গেছে। জানা গেছে, জোড়পুকুরিয়া গ্রামের সাইরপাড়া বাসিন্দা হারান আলী পেশায় একজন মাছ ব্যবসায়ী। সময়ে সময়ে তিনি দিনমজুরী কাজও করেন। তাদের বসতঘর লাগোয়া ছিল গরুর গোয়াল ঘর। আজ সকাল ১১ টার দিকে তার বোন রঙ্গিলা খাতুনের বসতঘরে বৈদ্যুতিক সটসার্কিট থেকে অগ্নিকান্ডের সূত্রপাত ঘটে। ওইসময় আগুন মুহূর্তে বসতঘর থেকে পাশের গোয়াল ঘর ও খড়ের গাদায় ছড়িয়ে পড়ে।

ইউপি মেম্বর শাহাবুদ্দীন বলেন, ওইসময় বসতঘরে পরিবার সদস্যরা ছিলোনা। আগুন ছড়িয়ে পড়লে স্থানীয়রা পানি ছিটিয়ে নেভানোর পাশাপাশি বামন্দী ফায়ার সার্ভিসকে খবর দেন। ততক্ষণে গোয়াল ঘরে থাকা ২টি গরু পুড়ে অঙ্গার হয়ে যায়। অগ্নিকান্ডে বসতঘরের সঙ্গে নগদ সাড়ে ৬ হাজার টাকা, আসবাবপত্র ও বিভিন্ন মালামাল পুড়ে ভস্মিভূত হয়ে যায়। বিষয়টি উপজেলা প্রশাসনকে জানানো হয়েছে বলে জানান তিনি।

খবর পেয়ে বামন্দী ফায়ার স্টেশনের পানিবাহি গাড়ি ঘটনাস্থলে পৌঁছলেও ততক্ষনে কৃষক দরিদ্র মাছ ব্যবসায়ী হারান আলী, রঙ্গিলা খাতুন ও বাছেনা খাতুনের সহায় সম্বল আগুনে পুড়ে ছাই হয়ে যায়। বর্তমানে খোলা আকাশের নিচে রয়েছে তিনটি পরিবারের সদস্যরা। গৃহকর্তা হারান আলী বলেন, আগুন লাগার সময় পরিবার সদস্যরা কেউ ছিলনা। আগুনে পুড়ে সবকিছু ভস্মিভূত হয়ে গেছে আমার।

গাংনীতে আলমডাঙ্গার মামুন র্যাবের হাতে আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩, মেহেরপুর ক্যাম্পের মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৮ বোতল ফেন্সিডিলসহ মোঃ মামুন মালিথা (২৪) নামের এক মাদক কারবারী আটক করেছে।

আটক মামুন মালিথা চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের চরযাদবপুর গ্রামের মোঃ শহিদুল ইসলামের ছেলে।

আজ বৃহস্পতিবার দুপুরের দিকে গাংনী উপজেলার কল্যানপুর-করমদি মাঠের মধ্যে করমদি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পাশে পাকা রাস্তার উপর মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে ১৮ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়।

র্যাব-১২ সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামানের নেতৃত্বে একটি টিম এই অভিযানে অংশ নেন। উদ্ধারকৃত ১৮ বোতল ফেন্সিডিলের আনুমানিক বাজার মূল্য ৩৬

হাজার টাকা।

এঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে ২ টি ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বর পদের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ

মেহেরপুর জেলার দুইটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও তিনটি ওয়ার্ডের সদস্য (মেম্বর) পদের উপনির্বাচনের প্রার্থীদের মধ্যে প্রতিক বরাদ্দ দেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার (১১ জুলাই) দুপুরের দিকে জেলা নির্বাচন অফিস মিলনায়তনে আমঝুপি ও শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান ও মেম্বর, মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ২ নং ওয়ার্ডের সদস্য, মোনাখালি ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের মেম্বর ও গাংনী উপজেলার কাথুলি ইউনিয়ন পরিষদের উপনির্বাচনের ৪ নং ওয়ার্ডের মেম্বর প্রার্থীর মাঝে প্রতীক বরাদ্দ দেয়া হয়েছে।

জেলা নির্বাচন অফিসার মোহাম্মদ ওয়ালীউল্লাহ সদর উপজেলার আমঝুপি ও শ্যামপুর ইউনিয়ন পরিষদ উপনির্বাচনের চেয়ারম্যান প্রার্থীদের মাঝে, মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসার শেখ তানভীর জামান মহাজনপুর ইউনিয়ন পরিষদ উপনির্বাচন, মোনাখালি ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের মেম্বর উপনির্বাচন এবং গাংনী উপজেলা নির্বাচন অফিসার কামরুল হাসান কাথুলি ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ড উপনির্বাচনের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেন।

এসময় সদর উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং কর্মকর্তা দোলন

কান্তি চক্রবর্তী উপস্থিত ছিলেন।

আমঝুপি ইউনিয়ন পরিষদের উপনির্বাচনে চেয়ারম্যান পদে সাবেক চেয়ারম্যান মরহুম বোরহান উদ্দিন আহমেদ চুন্নুর জ্যেষ্ঠ পুত্র সেলিম রেজা (মোটরসাইকেল), শরিফুল ইসলাম (টেবিল ফ্যান), শফিকুল ইসলাম (ঘোড়া), রেবেকা খাতুন (আনারস) এবং সোহেল রানা (চশমা) প্রতিক লাভ করেন।

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান পদের উপনির্বাচনে জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন (আনারস), নুরুল ইসলাম (মোটরসাইকেল), আবুল বাসার (চশমা) ও শহিদুল ইসলাম(ঘোড়া) প্রতিক পান। একই উপজেলার মোনাখালী ইউনিয়নের সদস্য পদের উপনির্বাচনে তাহাজ উদ্দিন (টিউবওয়েল), মোহাম্মদ মিজানুর রহমান (তালা), মোঃ দুল্লুপ হোসেন (ফুটবল) প্রতীক লাভ করেন।

নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদ ২ নং ওয়ার্ডের উপনির্বাচনে সদস্য পদের সদস্য প্রার্থী মামলত হোসেন (তালা), মোয়াজ্জেম হোসেন (ফুটবল), মিকাইল ইসলাম (টিউবওয়েল) এবং রবিউল ইসলাম (মোরগ) প্রতিক লাভ করেছেন।

গাংনী উপজেলার কাথুলি ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ডে সদস্য পদের উপনির্বাচনে সাবেক মেম্বর আবুল কালাম আজাদ (তালা), মো: নুর হক (টিউবওয়েল), মো: বিশারুল ইসলাম (মোরগ), মো: রাজু আহমেদ (ফুটবল) ও মো: লাল্টু হোসেন (বৈদ্যতিক পাখা) প্রতিক লাভ করেন ।

সদর উপজেলার আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন আহম্দে চুন্নুর মৃত্যু মুজিবনগর উপজেলার ষষ্ঠ উপজেলা নির্বাচনে অংশ নিতে মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ থেকে পদত্যাগ, এবং তিনটি ওয়ার্ডের সদস্য মৃত্যুজনিত কারণে পদ শূন্য ঘোষণা করে নির্বাচন কমিশন।

আগামী ২৭ জুলাই উপ নির্বাচনে অনুষ্ঠিত হবে।

গাংনীতে ৫ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

৫ গ্রাম হেরোইনসহ হেলাল উদ্দীন নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ। হেলাল উদ্দীন গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের বীলপাড়া এলাকার জমির উদ্দীনের ছেলে।

আজ মঙ্গলবার (৯ জুলাই) দিবাগত রাত ৯ টার দিকে গাংনী থানা পুলিশের একটি টিম গোপন সংবাদে অভিযান চালিয়ে হেরোইনসহ হেলাল উদ্দীনকে আটক করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি তাজুল ইসলাম বলেন, বিক্রির উদ্যোশে বাড়িতে হেরোইন মজুদ করেছে এমন সংবাদের ভিত্তিতে ওই বাড়িতে অভিযান চালিয়ে ৫ গ্রাম হেরোইনসহ হেলালকে আটক করা হয়েছে।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) তৌহিদুল ইসলাম, এএসআই শকিল আহমেদ ও সঙ্গীয় ফোর্স মাদক বিরোধী এই অভিযান পরিচালনা করেন।

হেলাল উদ্দীনের বিরুদ্ধে এর আগেও একটি মাদকের মামলা আদালতে বিচারাধীন রয়েছে বলে জানান এসআই তৌহিদুল ইসলাম।

মাদক উদ্ধারের ঘটনায় গাংনী থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আজ বুধবার সকাল ১০ টার দিকে আটক হেলাল উদ্দীনকে আদালতের নেওয়া হবে।